ABERDEEN COLLEGE®

ব্যবসায়িক পরিকল্পনা 2010

উদ্দেশ্যের বিবৃতি

অন্যান্য প্রদানকারীদের সাথে অংশীদারিত্বে, বৈচিত্র্যপূর্ণ শ্রেণীর ব্যবস্থাপনায়, গ্রাহকদের আজীবন শিক্ষাগত চাহিদা ও উচ উচ্চ মানের শিক্ষা ও প্রশিক্ষণ সেবা দেওয়া।

কলেজের আত্মিক বৈশিষ্ট্য

কলেজের আত্মিক বৈশিষ্ট্যের লক্ষ্য হল একটি জ্ঞানদীপ্ত ও কার্যকর পরিচালনার জন্য প্রসঙ্গ স্থাপনে সাহায্য করা এবং কলেজ সম্প্রদায়ের জন্য একটি উপযুক্ত কার্যকরী ও শিক্ষামূলক পরিবেশ নির্মাণে সাহায্য করা।

এটা সুনিশ্চিত করতে চায় যেন ছাত্রদের পরিণত ব্যক্তি হিসাবে বিবেচনা করা হয় এবং তাদেরকে যতটা বেশি সম্ভব ও অনুশীলনযোগ্য, তত বেশি দায়িত্ব বন্টন করা হয়, যে সিদ্ধান্তগুলি তাদেরকে প্রভাবিত করে সেগুলির ক্ষেত্রে একটি সক্রিয় ভূমিকাও এর অন্তর্ভুক্ত।

সেরা সম্ভব শিক্ষাগত অভিজ্ঞতা প্রদান করা ছাড়াও ছাত্রদের ব্যক্তিগত ও সামাজিক দক্ষতার বিকাশ ঘটানোর প্রতিটি সুযোগ দেওয়া হবে এবং সাধারণভাবে তাদের কলেজের অভিজ্ঞতা থেকে সর্বাধিক উপকার দেওয়া হবে।

ভূমিকা

ব্যবসায়িক পরিকল্পনা হল কৌশলগত উন্নয়ন পরিকল্পনা 2009-2012 এর একটি সারসংক্ষেপ এবং এটি পরিকল্পনার সময়কাল ব্যাপী কলেজের কৌশলগত লক্ষ্য ও প্রধান উন্নয়নগুলির একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে। কলেজের ওয়েবসাইট (www.abcol.ac.uk) থেকে কলেজ কৌশলগত উন্নয়ন পরিকল্পনা 2009-2012 এর একটি সম্পূর্ণ কপি পাওয়া যেতে পারে অথবা কলেজের প্ল্যানিং অ্যান্ড সিনিয়র ম্যানেজমেন্ট অ্যাডমিনিস্ট্রেটর মিস পলিন মে-কে অনুরোধ করেও এটা পাওয়া যেতে পারে।

আপনি যদি কোনো বিকল্প রূপে এই প্রকাশনাটি পেতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার প্রয়োজনের ব্যাপারে আলোচনা করার জন্য ইনফর্মেশন অ্যান্ড বুকিং সেন্টারে (01224 612330) যোগাযোগ করুন। ইংরেজী ছাড়াও অনেকগুলি ভাষায় ব্যবসায়িক পরিকল্পনা পাওয়ার জন্য অনুরোধ করা যায় বা অনলাইনে দেখা যায়।

প্রেক্ষাপট: কলেজ

স্কটল্যান্ডের উত্তর-পূর্বে বৃত্তিমূলক শিক্ষার বৃহত্তম একমাত্র প্রদানকারী রূপে অ্যাবারডীন কলেজ অ্যাবারডীন সিটি ও অ্যাবারডীনশায়ারের ব্যক্তিবিশেষ, কর্মচারী ও সম্প্রদায়ের শিক্ষাগত ও প্রশিক্ষণগত চাহিদা পূরণে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

কলেজটি অ্যাবারডীন থেকে প্রায় 60 মাইল উত্তর/দক্ষিণে এবং 60 মাইল পশ্চিমের একটি ব্যাপক ভৌগোলিক অঞ্চলে সেবা দেয়, এবং এর ছাত্রদের মধ্যে প্রায় 50% অ্যাবারডীন সিটির বাইরে বাস করে। ক্রমবর্ধমান পরিমাণে কলেজটি অ্যাবারডীনের কাজের-জন্য-যাতায়াতের এলাকার বাইরেও বিভিন্ন প্রকারের পরিষেবা প্রদান করছে, সেটা কর্মস্থলের ভিতরে হোক, স্থানীয় সম্প্রদায় (কমিউনিটি)-গুলিতে হোক বা বিভিন্ন উপায়ের মাধ্যমে পড়াশোনার সুযোগ দেওয়াই হোক।

অন্যান্যদের মতই, অ্যাবারডীন কলেজকে সম্মত মাত্রার ছাত্র সংক্রান্ত কার্যকলাপ প্রদানের বিনিময়ে প্রতি বছর SFC এর থেকে একটি নির্দিষ্ট পর্যায়ের অর্থ অনুদান বন্টন করা হয়। যদি কোনো কলেজ অধিকতর কার্যকলাপ প্রদান করে, তাহলেক তাকে অতিরিক্ত অনুদান বন্টন করা হয় না। 2008-09 এ এই কলেজে SFC-র অনুদানপ্রদত্ত লক্ষ্যমাত্রা 151,214 WSUM এর তুলনায় অডিট করা WSUM সংখ্যা ছিল 155,301। 4,087 WSUM এর পার্থক্য ছিল, যা লক্ষ্যের থেকে 2.7% বেশি ছিল।

2008-09 এ মোট নথিভুক্তির সংখ্যা 34,300 ছাড়িয়ে গিয়েছিল, যাদের মধ্যে 5,534 জন ছিল পূর্ণ সময়ের ছাত্র (2,257 জন উচ্চতর শিক্ষার কোর্সে ছিল, এবং 3,277 জন পূর্ণ সময়ের পরবর্তী শিক্ষার জন্য নথিভুক্ত হয়েছিল), এবং 28,780 জন আংশিক সময়ের জন্য নথিভুক্ত হয়েছিল। মাথা গণনা করে পরিমাপ করা (কতজন পৃথক ব্যক্তি উপস্থিত আছে) হয়েছে যে কলেজ 26,233 জন ব্যক্তিকে সেবা দিয়েছে।

কলেজের আত্মিক বৈশিষ্ট্য

কলেজের আত্মিক বৈশিষ্ট্যের লক্ষ্য হল একটি জ্ঞানদীপ্ত ও কার্যকর পরিচালনার জন্য প্রসঙ্গ স্থাপনে সাহায্য করা এবং কলেজ সম্প্রদায়ের জন্য একটি উপযুক্ত কার্যকরী ও শিক্ষামূলক পরিবেশ নির্মাণে সাহায্য করা।

এটা সুনিশ্চিত করতে চায় যেন ছাত্রদের পরিণত ব্যক্তি হিসাবে বিবেচনা করা হয় এবং তাদেরকে যতটা বেশি সম্ভব ও অনুশীলনযোগ্য, তত বেশি দায়িত্ব বন্টন করা হয়, যে সিদ্ধান্তগুলি তাদেরকে প্রভাবিত করে সেগুলির ক্ষেত্রে একটি সক্রিয় ভূমিকাও এর অন্তর্ভুক্ত।

সেরা সম্ভব শিক্ষাগত অভিজ্ঞতা প্রদান করা ছাড়াও ছাত্রদের ব্যক্তিগত ও সামাজিক দক্ষতার বিকাশ ঘটানোর প্রতিটি সুযোগ দেওয়া হবে এবং সাধারণভাবে তাদের কলেজের অভিজ্ঞতা থেকে সর্বাধিক উপকার দেওয়া হবে।

কৌশলগত লক্ষ্য

সম্প্রদায়ের শিক্ষাগত ও প্রশিক্ষণগত চাহিদাগুলি পূরণের ক্ষেত্রে এবং কলেজের উদ্দেশ্যের বিবৃতির প্রসঙ্গের ভিতরে, পরিকল্পনার সময়কালের জন্য কৌশলগত লক্ষ্যগুলি হল:

A প্রশাসন ও পরিচালনা

এটা সুনিশ্চিত করা, যেন স্কটিশ সরকারের প্রধান শিক্ষাগত নীতির উদ্দেশ্যসমূহ এবং জাতীয় আলোচ্যসূচীকে স্থানীয় স্তরে একটি উন্মুক্ত ও স্বচ্ছ উপায়ে পূরণ করা যায়।

B আর্থিক বিষয় ও সম্পর্কিত বিষয়গুলি

ন্যূনতম হিসাবে, পরিচালনাগত (অপারেশনাল) আয় ও ব্যয়ের মধ্যে তুলনা করে একটি ভারসাম্যযুক্ত বাজেট পরিচালনার জন্য এক বছরের সাথে অন্য বছরের হিসাব নেওয়া, সেই সাথে অনুদানের লভ্যতার সাপেক্ষে কলেজের আর্থিক সংস্থানকে (রিজার্ভ) বাড়ানোর সুযোগ নেওয়া।

C এস্টেট ও পরিবেশ

কলেজের এস্টেটস ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজি (এস্টেটের উন্নয়ন কৌশল) রূপায়ণের জন্য অনুদানের পরিবর্তন ও স্থানীয় পরিস্থিতিগুলিকে বিবেচনা করা এবং কলেজের কাজকে এমনভাবে সম্পন্ন করা যা ইতিবাচক পদক্ষেপ নেওয়া ও পরিবেশের প্রতি মর্যাদা দেওয়ার প্রসার ঘটায়।

D সমান সুযোগ

কলেজ জীবনের সমস্ত দিক থেকে শিক্ষার্থী ও কর্মীদের লিঙ্গ, জাতি, অক্ষমতা, ধর্ম বা বিশ্বাস, যৌন প্রবণতা ও লিঙ্গ পুনঃ-নির্ধারণ নির্বিশেষে তাদের প্রতি বেআইনী বৈষম্য দূর করা এবং তাদের জন্য সুযোগের সমতার প্রসার ঘটানো, যাতে তাদের জন্য বৈষম্যমুক্ত একটি শিক্ষামূলক ও কর্ম পরিবেশ তৈরি করা সুনিশ্চিত করা যায়।

E গুণগত মান ও অসাধারণত্ব

একটি উচ্চমানের শিক্ষামূলক অভিজ্ঞতার প্রসার ঘটানো, যা যথাযথতা অনুযায়ী, নতুন প্রযুক্তি এবং প্রদানের নমনীয় পদ্ধতিকে অন্তর্ভুক্ত করে এবং কার্যকর গুণগত মান নিয়ন্ত্রণ ব্যবস্থা, কর্মীদের জন্য পেশাদারী বিকাশের বন্দোবস্ত এবং শিক্ষার্থীদের অংশগ্রহণের দ্বারা সমর্থন লাভ করে, যাতে ইতিবাচক শিক্ষাগত পরিণাম অর্জন করা যায়।

F বিস্তৃততর সুযোগলাভ ও অংশগ্রহণ

নমনীয়, নবীনতম কোর্স প্রদান এবং নতুন প্রযুক্তিসমূহ ও শিক্ষা প্রদানের নমনীয় পদ্ধতিগুলিকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে (যেখানে যথাযথ হবে) ব্যক্তি, সম্প্রদায় ও কর্মচারীদের জন্য শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগের প্রসার ঘটানো; আজীবন শিক্ষার সুযোগ বাড়ানোর জন্য অন্যান্যদের সাথে কাজ করা; এবং শিক্ষার বাধাগুলি অপসারণের মাধ্যমে সামাজিক অন্তর্ভুক্তির প্রসার ঘটানো।

G অগ্রগতি ও স্পষ্টরূপে বলা

পরবর্তী শিক্ষার ভিতরে এবং পরবর্তী ও উচ্চতর শিক্ষার মাঝে শিক্ষার্থীদের সহজতর ও দ্রুততর অগ্রগতি এবং স্পষ্টরূপে বলার জন্য স্কুল, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রদানকারীদের সাথে কাজ করা, যার মধ্যে স্কুলের ছাত্রদের জন্য উপযুক্ত বৃত্তিমূলক কোর্সের ব্যবস্থাও অন্তর্ভুক্ত।

H স্থানীয় দক্ষতার ভিত্তি

বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের চাহিদার প্রতি প্রতিক্রিয়াশীল একটি পাঠ্যক্রম গঠনের মাধ্যমে স্থানীয় ও আঞ্চলিক দক্ষতার সামর্থ্য নির্মাণে অবদান দেওয়া চালিয়ে যাওয়া, যেখানে উপযুক্ত সেখানে নিয়োগযোগ্যতা ও নাগরিকত্বের দক্ষতা তৈরি করা, যা সংশ্লিষ্ট অংশীদারদের (স্টেকহোল্ডার) সাথে অংশীদারিত্বের মাধ্যমে সমর্থিত।

I সহযোগিতা ও অংশীদারিত্ব

সম্প্রদায়ের পরিকল্পনা (কমিউনিটি প্ল্যানিং) এ অবদান দেওয়া এবং শিক্ষা ও প্রশিক্ষণ পরিষেবা প্রদানে একটি সঙ্গতিপূর্ণ অগ্রগতির উপায়ের প্রসার ঘটানোর মাধ্যমে বাধ্যতামূলক, পরবর্তী ও উচ্চতর শিক্ষার ক্ষেত্রে সরকারী, বেসরকারী, ও স্বেচ্ছাসেবী ক্ষেত্রের অংশীদার ও অন্যান্য প্রদানকারীদের সাথে যোগাযোগ ও সহযোগিতাকে শক্তিশালী করা।

J প্রতিক্রিয়াশীল ও নমনীয় পাঠ্যক্রম

ব্যক্তিবিশেষের চাহিদাগুলির গবেষণা, আবিষ্কার ও অনুমান করার মাধ্যমে এবং শিক্ষার্থীদের অতিরিক্ত বাধ্যবাধকতার ক্ষেত্রে সহায়তা দেওয়ার জন্য বিভিন্ন প্রকারের পরিষেবা প্রদানের মাধ্যমে কলেজের পরিষেবার সুযোগলাভের উন্নতিসাধনের জন্য অন্যান্যদের সাথে কাজ করা এবং এইভাবে সামাজিক অন্তর্ভুক্তি ও সামাজিক ন্যায়ের প্রসার ঘটানো, এবং সেই সাথে কলেজের সেবার আওতাভুক্ত সমস্ত ক্ষেত্রে নিয়োগকর্তাদের চাহিদাগুলিকে পূরণ করা।

K শিক্ষার্থীদের অগ্রগতি ও সাফল্য

শিক্ষার্থীদের শিক্ষাগত যোগ্যতা, বৃত্তিমূলক নিয়োগযোগ্যতা, নাগরিকত্ব এবং ব্যক্তিগত ও সামাজিক দক্ষতার ক্ষেত্রে অগ্রগতি এবং প্রাসঙ্গিক উচ্চমানের সাফল্যলাভে সাহায্য করার জন্য কার্যকর শিক্ষালাভ ও শিক্ষাদান ও সহায়ক পরিষেবা দেওয়াকে সুনিশ্চিত করা এবং শিক্ষার্থীদের যথাযথতা অনুসারে কলেজের জীবন ও কাজে যুক্ত করা চালিয়ে যাওয়া।

কৌশলগত উদ্দেশ্যসমূহ

এর কৌশলগত লক্ষ্যগুলি রূপায়ণের জন্য কলেজটি প্রতিটি লক্ষ্যের প্রসঙ্গে নির্দিষ্ট উদ্দেশ্য গ্রহণ করেছে।

A প্রশাসন ও পরিচালনা

এটা সুনিশ্চিত করা, যেন স্কটিশ সরকারের প্রধান শিক্ষাগত নীতির উদ্দেশ্যসমূহ এবং জাতীয় আলোচ্যসূচীকে স্থানীয় স্তরে একটি উন্মুক্ত ও স্বচ্ছ উপায়ে পূরণ করা যায়:

- সুনিশ্চিত করা যেন পরিচালনা সমিতির (বোর্ড অফ ম্যানেজমেন্ট) সদস্য এবং কলেজের সিনিয়র ম্যানেজাররা প্রশিক্ষণ ও বিকাশে অংশ নেন, যা তাদের প্রশাসনিক ও পরিচালনাগত দায়িত্বসমূহের সাথে যথাযথ
- সুনিশ্চিত করা যেন কর্মী, জনগণ ও বাইরের সংস্থাগুলির তথ্য জানার সুযোগ পাওয়ার ক্ষেত্রে কলেজের বোর্ড ও ম্যানেজমেন্ট বাণিজ্যিক গোপনীয়তা, ব্যক্তিগত গোপনীয়তা ও বিধিবদ্ধ প্রয়োজনগুলির ভিতরে থেকে একটি খোলামেলা ও স্বচ্ছ উপায়ে কাজ করে
- সুনিশ্চিত করা যেন পরিচালনা সমিতির (বোর্ড অফ ম্যানেজমেন্ট) সদস্যরা বোর্ডের আচরণবিধি অনুসরণ করে চলেন এবং বোর্ডের কার্যকলাপ রূপায়ণের ক্ষেত্রে নৈতিক আচরণের নীতিগুলিকে প্রয়োগ করা চালিয়ে যান
- প্রশাসন ও পরিচালনার কার্যকরিতার মূল্যায়ন এবং উন্নয়নের ক্ষেত্রগুলি সনাক্ত করার উদ্দেশ্যে সেরা অভ্যাসযুক্ত সংস্থাগুলির সাথে বেঞ্চমার্ক (কার্যসম্পাদনের তুলনা) করার জন্য একটি উপযুক্ত মডেল ব্যবহার করা
- বর্তমান সদস্যদের সম্পূরক স্বরূপ পরিচালনা সমিতিতে প্রয়োজনীয় দক্ষতা ও কৌশলসম্পন্ন নতুন সদস্য নিয়োগ করা।

B আর্থিক বিষয় ও সম্পর্কিত বিষয়গুলি

আর্থিক সংস্থানগুলি বৃদ্ধির সুযোগ নেওয়ার পাশাপাশি একটি ভারসাম্যযুক্ত বাজেট চালনার জন্য কলেজ নিম্নলিখিত কাজগুলি করবে:

- রাজস্ব ও মূলধনের বাজেটারি নিয়ন্ত্রণ স্থাপন ও পরিচালনা করবে যা কলেজের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যগুলি অর্জনে সাহায্য করে
- পরিষেবার গুণগত মানকে কোনোভাবে হ্রাস না ক'রে কলেজের সম্মত কার্যকলাপের লক্ষ্যমাত্রা পূরণ করবে
- আর্থিকরূপে টিকে থাকার সম্ভাবনা সুনিশ্চিত করার জন্য কলেজের কোর্সগুলির পোর্টফোলিও পুনরীক্ষণ করবে
- বাণিজ্যিক কার্যকলাপের থেকে প্রাপ্ত লাভের মাত্রাকে এক বছর থেকে পরের বছরে বৃদ্ধি করবে
- মালপত্র সংগ্রহের ব্যবস্থার এমনভাবে উন্নতি ঘটাবে যা কলেজের আর্থিক সংস্থানকে বৃদ্ধি করবে এবং সংগ্রহের প্রক্রিয়াগুলিকে সরল করে দেবে
- কলেজের নথিপত্র পরিচালনার উদ্দেশ্যে বৈদ্যুতিন উপায়ের বিকাশ ঘটাবে যাতে নথি পরিচালনার অভ্যাসগুলিকে সরলীকৃত ও প্রমিত করা যায়
- পূর্ণ সময়ের ছাত্রদের বহনযোগ্য বৈদ্যুতিন উপকরণ বিতরণ ও তার বন্দোবস্ত করার জন্য একটি ব্যবসায়িক মডেল তৈরি করবে।

C এস্টেট ও পরিবেশ

কলেজের এস্টেটস ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজি (এস্টেটের উন্নয়ন কৌশল) রূপায়ণ করার জন্য এবং কলেজের কাজকে এমনভাবে সম্পন্ন করার জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে, যা ইতিবাচক পদক্ষেপ গ্রহণ ও পরিবেশের প্রতি মর্যাদার প্রসার ঘটাবে:

- বোর্ড অফ ম্যানেজমেন্ট কর্তৃক স্থাপিত এস্টেটস ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজির রূপায়ণের অগ্রগতি ঘটাবে
- সবচেয়ে ভালভাবে আসন ভর্তি করা এবং অতিরিক্ত স্থান ব্যবহারের প্রয়োজন কমানোর জন্য মূল কলেজ কেন্দ্রগুলির ঘরের ব্যবহারের পুনরীক্ষণ করবে
- কলেজের এস্টেটস ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজির সাথে সঙ্গতি রেখে কলেজের এলাকাগত পরিবেশের উন্নতিসাধন করবে
- পরিবেশের উপরে কলেজের কার্যকলাপের প্রভাব হ্রাস করা এবং সংস্থানগুলির কার্যকর ব্যবহারের বৃদ্ধি ঘটানোর জন্য কমানো, পুনরায় ব্যবহার করা ও রিসাইক্‌ল (পুনর্ব্যবহারের উপযোগী করা) করার লক্ষ্যমাত্রাগুলি রূপায়ণ ও পর্যবেক্ষণের দ্বারা কলেজের কার্যকলাপের পরিবেশগত অস্তিত্ব রক্ষার প্রসার ঘটাবে।

D সমান সুযোগ

একটি বৈষম্যমুক্ত শিক্ষামূলক ও কর্ম পরিবেশ তৈরি সুনিশ্চিত করার উদ্দেশ্যে কলেজ জীবনের সমস্ত দিক থেকে শিক্ষার্থী ও কর্মীদের প্রতি বেআইনী বৈষম্য দূর করা এবং তাদের জন্য সুযোগের সমতার প্রসার ঘটানোর জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- একটি বৈষম্যমুক্ত শিক্ষামূলক ও কর্ম পরিবেশ তৈরি সুনিশ্চিত করার উদ্দেশ্যে একটি সিঙ্গল ইকোয়ালিটি স্কিম তৈরি করবে, যার মধ্যে লিঙ্গ, জাতি, অক্ষমতা, ধর্ম বা বিশ্বাস, যৌন প্রবণতা ও লিঙ্গ পুনঃ-নির্ধারণের বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে
- কর্মী ও সংশ্লিষ্ট তৃতীয় পক্ষগুলির সাথে পরামর্শের পরে, সাতটি স্ট্র্যান্ডের সবগুলিতে সমতার প্রসার ঘটানোর উদ্দেশ্য নিয়ে একটি বার্ষিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করবে এবং যে কোনো সনাক্ত সমস্যার প্রতি নজর দেবে
- সমস্ত সমতা ও বৈচিত্র্য প্রশিক্ষণগুলির পুনরীক্ষণ করবে এবং সুনিশ্চিত করবে যেন এটা বর্তমান আইন অনুযায়ী আপ-টু-ডেট (সাম্প্রতিকতম) থাকে এবং ভার্চুয়াল লার্নিং এনভায়রনমেন্ট (VLE) এর মাধ্যমে সমস্ত কর্মচারী ও ঠিকাদারদের জন্য উপলব্ধ থাকে
- সমতা ও বৈচিত্র্য বিষয়ে কর্মী উন্নয়ন সেশন চালাবে, যেগুলি সমস্ত কর্মচারী ও ঠিকাদারদের জন্য বাধ্যতামূলক হয় এবং কর্মীদের উপস্থিতির উপরে ম্যানেজারদের নিয়মিত রিপোর্ট দেয়
- যে কোনো নতুন নীতির ইকোয়ালিটি ইম্প্যাক্ট অ্যাসেসমেন্ট (সমতা উপরে প্রভাব সংক্রান্ত মূল্যায়ন) সম্পাদন করবে এবং যে কোনো সনাক্তকৃত সমস্যার সমাধান সুনিশ্চিত করার জন্য সমস্ত গৃহীত ইকোয়ালিটি ইম্প্যাক্ট অ্যাসেসমেন্ট-এর পুনরীক্ষণ করবে
- একটি বার্ষিক সমতা রিপোর্ট প্রকাশ করবে যার মধ্যে প্রয়োজনীয় বিধিবদ্ধ পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত থাকবে।

E গুণগত মান ও অসাধারণত্ব

সমস্ত ছাত্রের জন্য একটি উচ্চমানের শিক্ষামূলক অভিজ্ঞতার প্রসার ঘটানোর জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- সুনিশ্চিত করবে যেন কলেজের পেশাদারী উন্নয়ন কৌশল রূপায়ণ করা হয়, যাতে সেই সমস্ত কর্মচারীদের প্রয়োজনীয় সাম্প্রতিকতম দক্ষতা ও যোগ্যতা থাকে যারা শিক্ষার্থীদের অভিজ্ঞতাকে সরাসরি প্রভাবিত করেন, যাতে একটি বৈচিত্র্যময় ছাত্র সংস্থাকে উচ্চ মানের কার্যক্রম ও কার্যকর সহায়তা দিতে তাদরকে সমর্থ করে তোলা যায়
- যে সকল শিক্ষাকর্মীর TQFE ছাড়া অন্য কোনো শিক্ষাগত যোগ্যতা আছে অথবা যারা 5 বছরের বেশি সময় আগে TQFE যোগ্যতা অর্জন করেছিলেন, তাদের জন্য ‘সফল শিক্ষার্থীকে সহায়তা দেওয়া’ নামক নতুন পোস্ট-ইনিশিয়াল প্রশিক্ষণ যোগ্যতা সম্পাদন করবে
- সুনিশ্চিত করবে যেন কর্মীদের উপযুক্ত প্রশিক্ষণ ও সহায়তা প্রদানের মাধ্যমে সমস্ত পাঠ্যক্রমে বৈদ্যুতিন মাধ্যমের ব্যবহার সমেত সাম্প্রতিকতম শিক্ষণ পদ্ধতিগুলি প্রয়োগ করা হয়
- সুনিশ্চিত করবে যেন কলেজ HMIe কোয়ালিটি ফ্রেমওয়ার্ক এর বাধ্যবাধকতাগুলি এবং SQA ও অন্যান্য শংসাপত্র দানকারী সংস্থার বাধ্যবাধকতাগুলি পূরণ করতে থংস্থ, যাতে গুণগত মানগুলি বজায় রাখা যায়
- সুনিশ্চিত করবে যেন বোর্ড অফ ম্যানেজমেন্ট, সিনিয়র ম্যানেজমেন্ট টিম, সমস্ত বিভাগ ও পাঠ্যক্রমের দলগুলি HMIe গুণগত বিবেচ্যমানের তুলনায় কলেজের কার্যসম্পাদনের পরিমাপ করার জন্য একটি বার্ষিক স্ব-মূল্যায়ন সম্পাদন করে এবং উন্নয়নের ক্ষেত্রগুলিকে সনাক্ত করে
- IT ব্যবহারের ক্ষেত্রে সমস্ত কর্মীদের দক্ষতা ও যোগ্যতাগুলির উন্নতিসাধন করে এমন একটি স্তরে নিয়ে যাবে যেখানে তারা কর্মসূচীগুলি প্রদানের সময়ে আত্মবিশ্বাসের সাথে ও কার্যকরভাবে কম্পিউটার-ভিত্তিক উপায়গুলিকে ব্যবহারের জন্য অথবা যথাযথ IT সহায়তা প্রদানের জন্য প্রাসঙ্গিক দক্ষতাসমূহ অর্জন করবেন।

F বিস্তৃততর সুযোগলাভ ও অংশগ্রহণ

শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগের প্রসার ঘটানো; আজীবন শিক্ষার সুযোগ বাড়ানো এবং সামাজিক অন্তর্ভুক্তির প্রসার ঘটানোর জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- সামাজিক অন্তর্ভুক্তির উদ্যোগগুলির মাধ্যমে এবং আজীবন শিক্ষার প্রসারসাধন চালিয়ে যাবে এবং বঞ্চিত অঞ্চলগুলিতে অবস্থিত মানুষদের অংশগ্রহণের বৃদ্ধি ঘটাবে, এবং সেই সাথে তাদের কলেজের শিক্ষা কর্মসূচীগুলিতে রূপান্তরকে সহজতর করার জন্য উপযুক্ত সহায়তা প্রদান করবে

- এমনভাবে সম্প্রদায়ের শিক্ষা ও উন্নয়ন পরিকল্পনায় অংশ নেবে যা সম্প্রদায়ের স্থানগুলিতে ব্যক্তিবিশেষ ও নিয়োগকর্তাদের শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগগুলির প্রসার ঘটাবে এবং সেই সাথে স্কটিশ সরকারের বিস্তৃততর নীতিগত উদ্দেশ্যগুলিকে পূরণ করবে
- স্কুলের ছাত্র এবং সমাজের অন্যান্য সদস্যদের মধ্যে বৃত্তিমূলক শিক্ষার সচেতনতার প্রসার ঘটানো ও উৎসাহবৃদ্ধির উদ্দেশ্যে নর্থ ফোরাম ফর ওয়াইডনিং পার্টিসিপেশন ইন ফার্দার অ্যান্ড হায়ার এডুকেশন (পরবর্তী ও উচ্চতর শিক্ষায় অংশগ্রহণকে প্রসারিত করার জন্য নর্থ ফোরাম) ও অন্যান্য অংশীদারদের সাথে কাজ করবে
- উচ্চমানের সমাজভিত্তিক শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ দেওয়ার জন্য অ্যাবারডীন সিটি কাউন্সিল, অ্যাবারডীনশায়ার কাউন্সিল ও অন্যান্য অংশীদারদের সাথে কাজ করবে
- কলেজের মূল ধারার বন্দোবস্তের অংশ হিসাবে অ্যাডাল্ট বেসিক এডুকেশন (ABE) প্রদান করা চালিয়ে যাবে এবং স্থানীয় কাউন্সিলগুলির লিটেরেসি অ্যান্ড নিউমেরেসি পার্টনারশিপ (সাক্ষরতা ও সংখ্যা গণনা অংশীদারিত্ব)-গুলির সাথে অংশীদারিত্বে বুনিয়াদী পর্যায়ের উপরে অতিরিক্ত ABE প্রদান করা চালিয়ে যাবে
- কলেজের মূল ধারার বন্দোবস্তের অংশ হিসাবে ইংলিশ ফর স্পীকার্স অফ আদার ল্যাঙ্গুয়েজেস (অন্যান্য ভাষাভাষীদের জন্য ইংরেজী) (ESOL) এর সুযোগ দেওয়া চালিয়ে যাবে এবং যেখানে সম্ভব সেখানে বর্ধিত চাহিদার প্রতিক্রিয়ায় অতিরিক্ত ESOL বন্দোবস্ত প্রদান করবে
- শিক্ষা প্রদানের অভিনব উপায়গুলির বিকাশ ও রূপায়ণের মাধ্যমে কলেজের পাঠ্যক্রমের সুযোগের মাত্রাকে আরো প্রসারিত করবে, যেমন উন্মুক্ত শিক্ষা, বৈদ্যুতিন মাধ্যমে শিক্ষা ও কম্পিউটার-ভিত্তিক মিশ্র শিক্ষা
- সংশ্লিষ্ট অংশীদার সংস্থাগুলির সাথে উচ্চমানের অনলাইন শিক্ষামূলক বিষয়বস্তুর যৌথ উন্নয়নের তদন্ত করবে।

G অগ্রগতি ও স্পষ্টরূপে বলা

পরবর্তী শিক্ষার ভিতরে এবং পরবর্তী ও উচ্চতর শিক্ষার মাঝে শিক্ষার্থীদের সহজতর ও দ্রুততর অগ্রগতি এবং স্পষ্টরূপে বলার জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- আজীবন শিক্ষার জন্য স্কটিশ সরকারের বিবেচ্যসূচীর প্রসঙ্গে অগ্রগতির স্পষ্ট পথ তৈরি করার পাশাপাশি অপ্রয়োজনীয় প্রতিযোগিতা কমানোর জন্য উচ্চতর শিক্ষা, নিয়োগকারী ও স্থানীয় কর্তৃপক্ষের অংশীদারদের সাথে কাজ করবে
- স্কটিশ সরকারের ‘আজীবন অংশীদার’ নথির প্রসঙ্গের ভিতরে এবং উপলব্ধ সংস্থানগুলি অনুযায়ী স্কুলের ছাত্রদের জন্য বৃত্তিমূলক শিক্ষার সুযোগ প্রদানের উদ্দেশ্যে উভয় স্থানীয় কর্তৃপক্ষের সাথে কাজ করবে
- কলেজের কোর্সগুলির সুযোগলাভের বিভিন্ন পর্যায় রক্ষা করবে, যা পূর্ব অভিজ্ঞতা ও শিক্ষার তারতম্যপূর্ণ পর্যায়গুলির পক্ষে উপযোগী, যাতে কলেজ থেকে ইউনিভার্সিটি বা কর্মভিত্তিক যোগ্যতাগুলির ভিতরে যথাযথ অগ্রগতির সুযোগ প্রদান করা যায়
- কলেজের বন্দোবস্তগুলির পোর্টফোলিও পুনরীক্ষণ করবে এবং যেখানে সম্ভব হবে, সেখানে পাঠ্যক্রমের ক্ষেত্রগুলি থেকে স্নাতক স্তরের অধ্যয়নের অগ্রগতি প্রদানের জন্য অন্যান্যদের সাথে অংশীদারিত্বে যে কোনো প্রয়োজনীয় পুনর্বিন্যাস রূপায়ণ করবে।

H স্থানীয় দক্ষতার ভিত্তি

বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণের চাহিদার প্রতি প্রতিক্রিয়াশীল একটি পাঠ্যক্রম গঠনের মাধ্যমে স্থানীয় ও আঞ্চলিক দক্ষতার সামর্থ্য নির্মাণে অবদান দেওয়া চালিয়ে যাওয়া, যেখানে উপযুক্ত সেখানে নিয়োগযোগ্যতা ও নাগরিকত্বের দক্ষতা তৈরি করা, এবং সংশ্লিষ্ট অংশীদারদের (স্টেকহোল্ডার) সাথে অংশীদারি কাজের সমর্থনে কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- সুনিশ্চিত করবে যেন পাঠ্যক্রম গঠন ও কর্মসূচীর নকশা রাষ্ট্রীয় প্রমাণ ও স্থানীয় বাজারের গবেষণার দ্বারা অবহিত হয়, যা স্থানীয় ও আঞ্চলিক দক্ষতার ঘাটতি ও দক্ষতার শূন্যস্থানগুলি সনাক্ত করবে
- স্থানীয় দক্ষতার ঘাটতির ক্ষেত্রের কোর্সগুলিতে উৎসাহবৃদ্ধির জন্য স্কুল, স্থানীয় কর্তৃপক্ষ ও অন্যান্য সংস্থাগুলির সাথে কাজ করবে
- নমনীয় কর্মভিত্তিক শিক্ষা, প্রশিক্ষণ ও মূল্যায়নের সুযোগগুলি প্রদানের জন্য নিয়োগকারীবের সাথে অংশীদারিত্বে কাজ করবে
- শিক্ষার্থীদের অগ্রগতি ও সাফল্যের প্রসার ঘটানো এবং অর্থনৈতিকরূপে মূল্যবান দক্ষতাগুলির সরবরাহের উন্নতিসাধনের জন্য পূর্ণ সময়ের কর্মসূচীগুলির ভিতরে আবশ্যক দক্ষতাগুলির (নিয়োগযোগ্যতা, উদ্যোগ, উদ্যম, নাগরিকত্ব ইত্যাদি) বিকাশের পুনরীক্ষণ করবে এবং সেগুলিকে আরো পরিবর্ধিত করবে।

I সহযোগিতা ও অংশীদারিত্ব

সরকারী, বেসরকারী, ও স্বেচ্ছাসেবী ক্ষেত্রের অংশীদার ও অন্যান্য প্রদানকারীদের সাথে যোগাযোগ ও সহযোগিতাকে শক্তিশালী করার জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- স্পষ্টরূপে বলার বর্তমান বন্দোবস্তের ভিত্তিতে অংশীদার বিশ্ববিদ্যালয়গুলির সাথে কাজ চালিয়ে যাবে এবং যেখানে প্রয়োজন সেখানে স্কটিশ সরকারের নীতির সাথে সঙ্গতিপূর্ণভাবে HEI অংশীদারদের সাথে বন্দোবস্তের পর্যালোচনা করবে
- অ্যাসোসিয়েট কলেজ এগ্রিমেন্ট অনুযায়ী বিস্তৃততর প্রকারের সহযোগিতাকে আওতাভুক্ত করার জন্য রবার্ট গর্ডন ইউনিভার্সিটির সাথে কলেজের

সম্পর্কের পরিধিকে প্রসারিত করবে

- অধ্যয়নের পাঠ্যক্রমের উন্নতিসাধন, বৃত্তিমূলক সুযোগ প্রদান, এবং স্কুল থেকে পরবর্তী ও উচ্চতর শিক্ষা ও কর্মনিয়োগে অগ্রগতিতে উৎসাহদানের জন্য স্থানীয় স্কুলগুলির সাথে সহযোগিতা চালিয়ে যাওয়া
- পূর্ণবয়স্ক শিক্ষার্থীদের জন্য প্রশস্ততম শ্রেণীর অগ্রগতি সুনিশ্চিত করার জন্য নর্থ ফোরাম ফর ওয়াইডনিং পার্টিসিপেশন ইন ফার্দার অ্যান্ড হায়ার এডুকেশন (পরবর্তী ও উচ্চতর শিক্ষায় অংশগ্রহণকে প্রসারিত করার জন্য নর্থ ফোরাম) এর কাজে অবদান দেওয়া চালিয়ে যাবে
- কর্মভিত্তিক শিক্ষার সুযোগ, অগ্রগতি ও বন্দোবস্তের উন্নতিসাধনের জন্য এবং সামাজিক বহির্ভুক্তিকে কমানোর জন্য স্কটিশ ও ইউকে কলেজগুলির সাথে অংশীদারিত্বে কাজ করবে
- পরিচালনাগত (অপারেশনাল) পরিকল্পনাগুলি মেলানোর জন্য আয়ের উৎসগুলি নির্ধারণ করা, প্রদত্ত পাঠ্যক্রমের প্রস্থ ও পরিধির পরিবর্ধন করা এবং ইউরোপীয় শিক্ষাগত অংশীদারদের সাথে পারস্পরিকরূপে উপকারী সম্পর্কসূত্র নির্মাণের উদ্দেশ্যে ইউরোপিয়ান ইউনিয়নের সাথে এবং ইউরোপীয় দেশগুলির প্রতিষ্ঠানগুলির সাথে কাজ করবে
- সম্প্রদায়, শিল্প ও সরকারী ক্ষেত্রের সাথে কাজ করবে এবং স্থানীয় ও আন্তর্জাতিকরূপে পরিবেশগত অস্তিত্ব রক্ষার প্রসার ঘটানোর সুযোগগুলি সনাক্ত করবে
- কলেজের শিক্ষার্থী ও সম্ভাব্য শিক্ষার্থীদের সহায়তা দেওয়ার জন্য কেরিয়ার্স স্কটল্যান্ডের সাথে কাজ চালিয়ে যাবে
- পার্টনারশিপ ম্যাটার্স এগ্রিমেন্ট অনুসারে যে সমস্ত পূর্ণবয়স্ক ও অল্পবয়স্ক ব্যক্তির অতিরিক্ত সহায়তার চাহিদা আছে, তাদের সেই চাহিদাগুলি পূরণের জন্য অংশীদারদের সাথে কাজ করা চালিয়ে যাবে।

J প্রতিক্রিয়াশীল ও নমনীয় পাঠ্যক্রম

কলেজের পরিষেবাগুলির সুযোগলাভের উন্নতিসাধনের উদ্দেশ্যে অন্যান্যদের সাথে কাজ করার জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- নির্দিষ্ট অসুবিধাযুক্ত দলগুলিকে শিক্ষাগত সুযোগ প্রদানের জন্য অন্যান্য সংস্থাগুলির সাথে অংশীদারিত্বে কাজ করার সুযোগগুলিকে প্রসারণ করা চালিয়ে যাবে
- স্থানীয় কর্তৃপক্ষগুলির সংশ্লিষ্ট বিভাগ ও অন্যান্য সংস্থাগুলির সাথে অংশীদারিত্বে কাজ করবে, যাতে সুনিশ্চিত করা যায় যেন অতিরিক্ত শিক্ষাগত প্রয়োজনীয়তাসম্পন্ন ছাত্ররা কলেজ ও বিশেষজ্ঞ সংস্থাগুলির প্রদত্ত সমর্থনের উপরে ভিত্তি করে পাঠ্যক্রমের সুযোগ পেতে পারে
- অতিরিক্ত সহায়তার চাহিদাসম্পন্ন মানুষরা সমেত সকলের জন্য উপযুক্ত প্রবেশ-পূর্ব নির্দেশিকা উপলব্ধ থাকা সুনিশ্চিত করার জন্য স্থানীয় কর্তৃপক্ষগুলি ও কেরিয়ার্স স্কটল্যান্ডের সাথে কাজ করবে
- পাঠ্যক্রমের সুযোগলাভ এবং তার ভিতরে অগ্রগতির বাধাকে, যুক্তিসঙ্গতভাবে যতটা বেশি সম্ভব অপসারণ করবে এবং সেই সাথে অধ্যয়নগত ও বৃত্তিমূলক মানদন্ডগুলিকে রক্ষা করবে
- কলেজে উপলব্ধ বিভিন্ন প্রকারের প্রযুক্তিকে অডিট (সমীক্ষা) করার মাধ্যমে বিস্তৃততর সুযোগলাভ ও অন্তর্ভুক্তির প্রসার ঘটাবে, যা অতিরিক্ত চাহিদাসম্পন্ন ছাত্রদের সহায়তা দেবে।

K শিক্ষার্থীদের অগ্রগতি ও সাফল্য

শিক্ষার্থীদের অগ্রগতি, প্রাসঙ্গিক উচ্চ মানের ফলাফল অর্জন এবং কলেজের জীবন ও কাজে যুক্ত হতে সাহায্য করার জন্য তাদেরকে কার্যকর শিক্ষালাভ ও শিক্ষাদান ও সহায়ক পরিষেবা দেওয়াকে সুনিশ্চিত করার জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- সমস্ত বক্তৃতাগুলিই যেন অত্যন্ত ভালো গ্রেড পাওয়ার উচ্চাকাঙ্ক্ষা রাখতে পারে তা সুনিশ্চিত করার জন্য বর্তমান পাঠ পর্যবেক্ষণ প্রক্রিয়ার বিকাশ ঘটাবে
- কলেজের কর্মসূচীর ভিতরে ভার্চুয়াল লার্নিং এনভায়রনমেন্ট (VLE)-কে একীভূত করবে
- সম্মত লক্ষ্যগুলি অর্জন সুনিশ্চিত করার জন্য শিক্ষণকর্মীদের প্রশিক্ষণ ও বিকাশের প্রতি সমর্পিত ব্যক্তিদের দক্ষতাগুলিকে সম্পূর্ণরূপে কাজে লাগাবে
- ধরে রাখা ও সাফল্যের আরো উন্নতিসাধনের জন্য কৌশলগুলির উপরে মনোনিবেশের ক্ষেত্রগুলিকে সনাক্তকরণের জন্য কার্যসম্পাদন সূচক (পারফরম্যান্স ইন্ডিকেটর) তথ্যকে বেঞ্চমার্ক করবে
- শিক্ষণ বিভাগ ও লার্নার সার্ভিসেস-এর মধ্যে মসৃণ সহযোগিতা সুনিশ্চিত করবে
- ছাত্ররা যেন তাদের সর্বাঙ্গীণ অভিজ্ঞতাকে সমৃদ্ধ করার জন্য বিভিন্ন শ্রেণীর শিক্ষামূলক উপায় থেকে উপকৃত হয় তা সুনিশ্চিত করবে, বিশেষত নতুন প্রযুক্তিগুলির সাথে সম্পর্কিত ছাত্ররা
- প্রযুক্তিবিদ্যা ও সফ্ট স্কিলস উভয়ই যেন কর্মসূচীগুলির ভিতরে অন্তর্ভুক্ত থাকে তা সুনিশ্চিত করার জন্য নিয়োগকারীদের সম্পূর্ণরূপে কর্মসূচী পরিকল্পনায় যুক্ত করবে
- সমস্ত বৃত্তিমূলক কর্মসূচীগুলিতে শংসাপত্র-প্রাপ্ত প্রাসঙ্গিক মূল দক্ষতাগুলিকে (কোর স্কিল্‌স) একীভূত করা
- শিক্ষার পর্যবেক্ষণ ও পরিকল্পনার একটি প্রধান উপকরণ হিসাবে অনলাইন ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনার পুনরীক্ষণ করবে ও আরো বিকশিত করবে

- ‘কাগজবিহীন শ্রেণী’ ও ‘মিশ্র’ উপায়গুলিকে আরো বেশি বিকশিত করবে
- ফর্মেটিভ ও সামেটিভ উভয় প্রকারের অনলাইন মূল্যায়ন কৌশলের একটি শ্রেণী প্রস্তুত করবে, যা সমগ্র কলেজ ব্যাপী অনলাইন মূল্যায়নের স্থাপিত লক্ষ্যগুলি অর্জনের অনুমতি দেয়
- কলেজের লার্নার এঙ্গেজমেন্ট স্ট্র্যাটেজি (শিক্ষার্থীর অংশগ্রহণ কৌশল)-কে পূর্ণরূপে রূপায়ণ করবে।

একটি বিস্তৃততর নীতিগত পরিকাঠামো (পলিসি ফ্রেমওয়ার্ক)

কলেজের উন্নয়ন পরিকল্পনাগুলি বিস্তৃততর নীতিগত পরিবেশের প্রতিফলন ঘটায়, যার ভিতরে পরবর্তী শিক্ষা ক্ষেত্র কাজ করে। সাম্প্রতিক বছরগুলিতে সরকারী নীতিতে শিক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণের লক্ষণীয় বৃদ্ধি ঘটানোর প্রতি প্রতিশ্রুতিবদ্ধতা এবং শিক্ষাগত সুযোগের বাইরে থাকার মাত্রা হ্রাস করার লক্ষ্য নিয়ে পরিষেবাগুলির বিস্তৃততর সুযোগলভাগের প্রসার ঘটানো একটি কেন্দ্রীয় গুরুত্বের বিষয় হয়ে উঠেছে।

পরিকল্পনার সময়কালে, অ্যাবারডিন কলেজ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ নীতিগত বিষয়কে সম্বোধন করে, যার মধ্যে আছে:

- অতিরিক্ত শিক্ষাগত প্রয়োজনীয়তাসম্পন্ন মানুষদের শিক্ষা ও প্রশিক্ষণের সম্পূর্ণ সুযোগ দেওয়া সুনিশ্চিত করা
- নির্ভরতা সংক্রান্ত সমস্যাযুক্ত মানুষদের জন্য কাঠামোযুক্ত (স্ট্রাকচার্ড) শিক্ষাগত সুযোগ প্রদান করা
- সফ্‌ট স্কিল্‌স এর বিকাশে উৎসাহ দেওয়া - নাগরিকত্ব, নিয়োগযোগ্যতা, পরিবেশগতভাবে টিঁকে থাকা
- সফ্‌ট স্কিল্‌স ও পরিবর্ধিত সামাজিক মেলামেশার দক্ষতার ক্ষেত্রে শিক্ষার্থী কর্তৃক ‘অতিক্রান্ত দূরত্ব’কে মাপা, লিপিবদ্ধ করা ও উন্নতি ঘটানো
- যে সকল অল্পবয়স্ক ব্যক্তি শ্রম বাজারে সক্রিয় নয়, তাদের অংশগ্রহণ, ধরে রাখা, লক্ষ্য অর্জন, ও অগ্রগতি বৃদ্ধি করা
- সর্বাঙ্গীণ দক্ষতার বিকাশে অবদান দেওয়া, মৌলিক দক্ষতাগুলির প্রশিক্ষণের ব্যবস্থা, ‘দক্ষতা-বৃদ্ধি’ ও দক্ষতার শূন্যস্থান পূরণ করা
- প্রাতিষ্ঠানিক শিক্ষা প্রদান করা, যার মধ্যে প্রধান নিয়োগযোগ্যতার দক্ষতাগুলি অন্তর্ভুক্ত
- স্কুলগুলির সাথে সহযোগিতার মাধ্যমে 14-16 বছরের ছেলেমেয়েদের জন্য বৃত্তিগতভাবে নির্দিষ্ট সুযোগগুলিকে প্রসারিত করা
- প্রাপ্তবয়স্ক সাক্ষরতা ও সংখ্যা গণনার পর্যায়কে বৃদ্ধি করা
- কলেজের সমগ্র ব্যবস্থা জুড়ে SCQF-কে অবিচ্ছেদ্য অংশে পরিণত করা এবং পূর্বের শিক্ষার স্বীকৃতিকে আরো বেশি সহজতর করা
- ভাষাগত (ESOL) ও মূল দক্ষতার ক্ষেত্রে ইউকে-তে আগত অভিবাসীদের শিক্ষাগত ও প্রশিক্ষণের চাহিদাগুলিকে পূরণে সাহায্য করা।

অন্যান্য উন্নয়নসমূহ

সমতা

অ্যাবারডিন কলেজ সমতার প্রসার ঘটানো ও একে অবিচ্ছেদ্য অংশে পরিণত করা এবং তার কাজের সমস্ত ক্ষেত্রে বৈষম্য প্রতিরোধ করার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, এছাড়াও ছাত্র সঙ্গঠন ও কলেজের কর্মীবাহিনী যাতে স্থানীয় সম্প্রদায়গুলির প্রতিনিধিত্ব করা চালিয়ে যায় সেটা সুনিশ্চিত করার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

জুন 2008 এ সরকার ‘আরো ন্যায্য ভবিষ্যতের কাঠামো - সমতা বিল’ নামক একটি শ্বেতপত্র প্রকাশ করেছিল। বৈষম্যবিরোধী আইনকে বিভ্রান্তিমুক্ত ও শক্তিশালী করার জন্য নতুন আইনটির পরিকল্পনা করা হয়েছে। নতুন সরকারী ক্ষেত্রের সমতার দায়িত্ব (ইকোয়ালিটি ডিউটি) জাতি, অক্ষমতা ও লিঙ্গের তিনটি বিদ্যমান ক্ষেত্রকে একসাথে নিয়ে আসবে এবং লিঙ্গ পুনঃনির্ধারণ, বয়স, যৌন প্রবণতা এবং ধর্ম বা বিশ্বাসের দিকে প্রসারিত করবে।

কলেজ নতুন প্রয়োজনগুলির প্রতি সম্পূর্ণরূপে সাড়া দেবে। নতুন আইন রূপায়ণের প্রস্তুতির ক্ষেত্রে কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- সমতার সবগুলি ক্ষেত্রে একটিমাত্র সমতা যোজনা গঠন করবে
- এমন একটি ক্রয় কৌশল গঠন করবে যার মধ্যে সরবরাহকারীদের দ্বারা সমতার প্রসার ঘটানোর বাধ্যবাধকতা অন্তর্গত থাকবে
- নতুন সমতার দায়িত্ব, ভিন্ন লিঙ্গের মানুষের মত আচরণকারী ব্যক্তিদের সাথে সম্পর্কিত বিষয়গুলি, এবং ইতিবাচক পদক্ষেপ সংক্রান্ত নতুন

ব্যবস্থাগুলির বর্ণনাকে অন্তর্ভুক্ত করার জন্য নিয়োগ ও নির্বাচনের প্রশিক্ষণকে সংশোধন করবে।

পরিকল্পনার সময়কালে কলেজ তার নতুন সিঙ্গল ইকোয়ালিটি স্কীম প্রকাশ করবে এবং বার্ষিক সমতা সংক্রান্ত কর্মপরিকল্পনাগুলি রূপায়ণ করবে। কীভাবে পর্যবেক্ষণের তথ্য সংগ্রহ ও প্রকাশ করা হয়, এটি তার পুনরীক্ষণও করবে। কলেজের বর্তমান সমস্ত নীতি ও পদ্ধতিগুলির জন্য সমতার প্রভাব মূল্যায়ন (ইকোয়ালিটি ইম্প্যাক্ট অ্যাসেসমেন্ট) করা হবে এবং সমস্ত নতুন নীতি ও পদ্ধতিগুলি অনুমোদন প্রক্রিয়ার অংশ হিসাবে প্রভাব মূল্যায়নের আওতায় থাকবে।

কলেজ সমস্ত কর্মচারীর জন্য সমতা ও বৈচিত্র্যের উপরে প্রশিক্ষণ দেওয়া চালিয়ে যাবে এবং এটা কলেজের কর্মচারী উন্নয়ন কর্মসূচীর একটি বাধ্যতামূলক অংশ হবে।

কলেজের ইকোয়াল অপারচুনিটিজ কমিটি, ইকোয়ালিটি ফোরাম এবং ছাত্র ও কর্মীদের আলোচনার দলগুলির মাধ্যমে সমতা সংক্রান্ত বিষয়ে ছাত্র ও কর্মীদের সাথে পরামর্শ করা চলতে থাকবে। বিভিন্ন পাঠ্যক্রমের ক্ষেত্রগুলিতে কম প্রতিনিধিত্ব আছে এমন ছাত্রদের সাথে কলেজ পরামর্শ করবে যাতে যে সমস্ত সমস্যাগুলির সুরাহা করা প্রয়োজন সেগুলিকে সনাক্ত করা যায়।

অংশীদারদের সাথে কাজ করা

শিক্ষা, ব্যবসা, স্থানীয় কর্তৃপক্ষ, স্বাস্থ্য ও স্বেচ্ছাসেবী ক্ষেত্রের অংশীদারদের সাথে কাজ করার মাধ্যমে শিক্ষা ও প্রশিক্ষণ পরিষেবা প্রদানের উদ্দেশ্যে একটি সুসঙ্গত পদক্ষেপের প্রসার ঘটানো চালিয়ে যাবে।

পরিকল্পনার সময়কালে কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- অ্যাবারডিন কলেজ ও অ্যাবারডিনশায়ার কাউন্সিলগুলির সাথে অংশীদারি বন্দোবস্ত গঠন করা চালিয়ে যাবে এবং সম্প্রদায়ের শিক্ষা ও উন্নয়ন কৌশল ও রূপায়ণ পরিকল্পনাগুলির বিকাশে অংশগ্রহণ চালিয়ে যাবে
- কলেজ ছাত্ররা যখন উচ্চতর শিক্ষায় অগ্রসর হয়, তখন তাদের সাফল্য অর্জনের সর্বাধিক স্বীকৃতিকে সুনিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয় ও HEI-গুলির সাথে সম্পর্কসূত্রের নেটওয়ার্ককে শক্তিশালী করবে
- কলেজের সেবাধীন অঞ্চল ব্যাপী অল্পবয়স্ক ব্যক্তিদের জন্য উপলব্ধ অধ্যয়নগত ও বৃত্তিমূলক সুযোগগুলির উন্নতিসাধনের জন্য স্কুলগুলির সাথে কাজ করা চালিয়ে যাবে
- সম্পর্কসূত্রকে শক্তিশালী করার জন্য অন্যান্য প্রশিক্ষণ প্রদানকারীদের সাথে ঘনিষ্ঠরূপে কাজ করবে যাতে অপ্রয়োজনীয় প্রতিযোগিতা কমানো যায় এবং স্থানীয়রূপে উপলব্ধ সংস্থানগুলির সম্পূর্ণ সদ্ব্যবহারকে সুনিশ্চিত করা যায়
- অসুবিধাগ্রস্ত গোষ্ঠীগুলির মানুষের জন্য শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগসমূহ প্রদানের জন্য অ্যাবারডিন ফয়ার ও অ্যাবারডিন সাইরেনিয়ান্স-এর সাথে সহযোগিতা চালিয়ে যাবে
- স্থানীয় ও জাতীয় দক্ষতার অভাবের সুরাহা করতে সাহায্য করার উদ্দেশ্যে প্রশিক্ষণের ব্যবস্থার প্রসারণের সুযোগগুলি খতিয়ে দেখার জন্য নিয়োগকর্তাদের বিভিন্ন সংস্থা ও সঙ্গঠনের (যেমন কনস্ট্রাকশন স্কিল্স, OPITO, সেক্টর স্কিল্স কাউন্সিল, SNIPEF) সাথে ঘনিষ্ঠরূপে কাজ করবে
- স্কিলসীকার্স ও মডার্ন অ্যাপ্রেন্টিসশিপের মত প্রতিষ্ঠিত কর্মসূচীগুলিতে অংশগ্রহণ বৃদ্ধির জন্য স্কিল্স ডেভেলপমেন্ট স্কটল্যান্ড (SDS) ও স্থানীয় সংস্থাগুলির সাথে কাজ করবে
- নর্থ ফোরাম ফর ওয়াইডনিং পার্টিসিপেশন ইন ফার্দার অ্যান্ড হায়ার এডুকেশন-এর সাথে তার সফল সহযোগিতাকে আরো বেশি বিকশিত করবে
- গ্র্যাম্পিয়ান ফায়ার ও রেস্কিউ সার্ভিস এর সাথে তার সহযোগিতামূলক চুক্তিকে আরো বেশি বিকশিত করবে, যা কলেজকে উত্তর-পূর্বের ফায়ার স্টেশনগুলিতে কোর্স প্রদান করতে সমর্থ করে তুলবে
- শিক্ষা, কর্মনিয়োগ বা প্রশিক্ষণে বর্তমানে যুক্ত নন এমন মানুষদের জন্য স্থানীয় ও রাষ্ট্রীয় নীতির লক্ষ্য ও উদ্দেশ্যগুলিকে সম্বোধন করার জন্য বিভিন্ন ধরনের অংশীদারদের সাথে কাজ করবে।

কলেজ পরিচালনার নীতি

গুণমানের উন্নয়ন

অ্যাবারডিন কলেজ যাতে শিক্ষার্থীদের এবং নিয়োগকারীদের উচ্চমানের শিক্ষা এবং প্রশিক্ষণ পরিষেবা প্রদান করতে পারে তা সুনিশ্চিত করার জন্য এটির একটি দীর্ঘস্থায়ী প্রতিশ্রুতিবদ্ধতা আছে। পরিকল্পনার সমগ্র সময়টি জুড়ে, কলেজটির গুণমানের উন্নয়ন সংক্রান্ত পরিচালনার নীতিটি নিম্নলিখিতগুলির উপর জোর দেয়:

- শিক্ষার্থীদের তাদের নিজেদের শিক্ষা এবং কলেজটির কাজ ও স্থায়িত্ব বৃদ্ধি করায় যুক্ত করা
- সকলপ্রকার পুরস্কার প্রদানকারী সংস্থার গুণগত দন্ডমান যাতে পূরণ করা হয় তা সুনিশ্চিত করা
- কলেজটির গুণগত দন্ডমান যাতে স্কটল্যান্ড কলেজগুলির জন্য হার ম্যাজেস্টি'স ইন্সপেক্টোরেট অফ এডুকেশন (HMIe) এক্সটারনাল কোয়ালিটি অ্যারেঞ্জমেন্ট বা বহিঃস্থ গুণগত মানের বন্দোবস্তের প্রয়োজনীয়তাগুলিকে প্রতিফলিত করে তা সুনিশ্চিত করা
- অ্যানুয়াল প্রোগ্রাম রিভিউ বা বাৎসরিক কার্যক্রম পুনরীক্ষণ, সাবজেক্ট রিভিউ বা বিষয় পুনরীক্ষণ এবং সেক্টর/ডিপার্টমেন্ট রিভিউ বা বিভাগ পুনরীক্ষণের অংশ হিসাবে গুণগত উন্নয়নের জন্য কার্যকরী স্ব-মূল্যায়ন পরিচালনা করা
- সুঅভ্যাস প্রচার এবং বপন করা
- গুণমানের উন্নয়নের জন্য কলেজ-ব্যাপী কার্যকরী স্ব-মূল্যায়ন করা
- একটি বাৎসরিক হিসাব-পরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা
- শিক্ষার্থীদের ধারণ-ক্ষমতা এবং সাফল্য, এবং পাঠ্য পর্যবেক্ষণ ক্রমের সাপেক্ষে মূল কার্যকারিতার লক্ষ্য অর্জন করা
- কার্যকরিতা এবং দক্ষতা সুনিশ্চিত করতে এবং পরিচালনার আরো খরচ কমাতে সকল ব্যবসামূলক প্রক্রিয়াগুলির পুনরীক্ষণ করা
- বাৎসরিক স্টাফ ডেভেলপমেন্ট বা কর্মীদের উন্নয়ন কার্যক্রমগুলিতে গুণমান নিশ্চিতকরণ এবং গুণগত উন্নয়ন সংক্রান্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত করা।

গুণগত মান উন্নয়নের ব্যাপারে কলেজটির প্রতিশ্রুতিবদ্ধতা, একাধিক গুণগত দন্ডমান এবং পুরস্কার অর্জনের দ্বারা স্বীকৃতি লাভ করেছে। জুন **2009-এ** কলেজটি নিম্নলিখিত সাফল্যগুলির স্বীকৃতি পেয়েছে:

- কাস্টমার সার্ভিস এক্সিলেন্স দন্ডমানের জন্য সফল পুনঃ-মূল্যায়ন, যেটি জুন 2008-এ সর্বপ্রথম অর্জন করা হয়, দ্বিতীয় বারের জন্য 100% মেনে চলার ক্রমমাত্রা সহ পুরস্কৃত হয় (1994 থেকে একাদিক্রমে কাস্টমার সার্ভিস-এর জন্য দন্ডমানের ক্ষেত্রে অগ্রবর্তী চার্টার মার্ককে কলেজটি অতিক্রম করে)।
- বিএসআই (BSI) এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম স্ট্যান্ডার্ড ISO14001:2004 অর্জন করে; মূল্যায়নের রিপোর্ট-এ সুঅভ্যাসের পাঁচটি ক্ষেত্র নথিভুক্ত হয়।
- কলেজের গাইডেন্স সার্ভিস-এর জন্য ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড-এর সাপেক্ষে স্বীকৃতি অর্জন করা।

সাম্প্রতিক বছরগুলিতে নিম্নলিখিত সাফল্যগুলি লক্ষ্য করা উচিত:

- কলেজটি ইনভেস্টরস ইন পিপল (IIP) স্ট্যান্ডার্ড-এ 5 বার পুরস্কৃত হয়েছে। 2006-এ কলেজটি IIP 10 ইয়ার অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড এবং IIP পিপল ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড ফর স্কটল্যান্ড, এবং 2007-এ IIP রিক্রুটমেন্ট অ্যান্ড সিলেকশন স্ট্যান্ডার্ড পেয়েছিল।
- কলেজটির কমপ্লেন্টস ম্যানেজমেন্ট সিস্টেম (অভিযোগ পরিচালন ব্যবস্থা) BS EN ISO 10002:2004-এর স্বীকৃতি পেয়েছে।
- অন্যান্য সাফল্যের অন্তর্ভুক্ত হল একটি কোয়ালিটি স্কটল্যান্ড ফাউন্ডেশন অ্যাওয়ার্ড ফর বিজনেস এক্সিলেন্স পাওয়া যেটি হল ইউরোপীয়ান ফাউন্ডেশন ফর কোয়ালিটি ম্যানেজমেন্ট-এর দেওয়া শ্রেষ্ঠত্বের একটি শংসাপত্র; 5টি ইউকে বিকন অ্যাওয়ার্ড এবং একাধিক ধরণের SQA এবং SFEU পুরস্কার।

পরিকল্পনা করার সময়কালটিতে কলেজটি সাম্য এবং বৈচিত্র্য প্রচারের সঙ্গে সম্পর্কযুক্ত মানদন্ডগুলি সহ বিস্তারিত ধরণের বহিঃস্থ পুরস্কার এবং মানদন্ডের জন্য আবেদন করা চালু রাখবে।

কলেজ এস্টেটের উন্নতিসাধন

কলেজটির এস্টেটের উন্নতিসাধন করার সু-প্রতিষ্ঠিত পরিকল্পনা আছে, এইসকল পরিকল্পনাগুলিকে কার্যকরী করার জন্য ব্যয়ের সর্বশেষ আন্দাজ হিসাব হল c£110,000,000। কলেজটির পরিচালনার নীতিটি অনুমোদন পেয়েছে, মূলত, কলেজটি এসএফসি (SFC)-এর থেকে এটির পরিচালনার নীতির প্রথম পর্বটিকে (ফেস ওয়ান) এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অনুমতি পেয়েছে। এটির অন্তর্ভুক্ত হল এলন (Ellon), ইনভারুরি (Inverurie), এবং স্টোনহাভেন (Stonehaven)-এ 'মিনি-ক্যাম্পাস' স্থাপন করা এবং গর্ডন সেন্টার (Gordon Centre)-এর পুনর্গঠন করা সহ অ্যালটেন্স (Altens) অঞ্চলে একটি নতুন নির্মানকার্যের বন্দোবস্ত।

অ্যাবারডিন কলেজ লার্নিং সেন্টার (ইনভারুরি) আগস্ট 2009 থেকে কার্যকরী হয়েছিল, এবং আনুষ্ঠানিকভাবে সেপ্টেম্বর 2009-এ রাইট অনারেবল অ্যালেক্স স্যামন্ড এমএসপি (Rt Hon Alex Salmond MSP)-এর দ্বারা উন্মোচিত হয়েছিল। এই নতুন কলেজ সেন্টারটি ইনভারুরি একাডেমীর ক্যাম্পাসে অবস্থিত, কিন্তু এটি সম্পূর্ণরূপে স্বতন্ত্র প্রবেশ এবং বাহির দ্বার সহ একটি আলাদা ভবন। কলেজটির অন্যান্য কেন্দ্রের মত করে সেন্টারটিকে একইরকমের উচ্চ মানদন্ডে পরিমার্জিত করা হয়েছে এবং এটিতে শিক্ষার আদানপ্রদানের জন্য তিনটি সাধারণ ঘর এবং একটি আইটি (IT) স্যুইট আছে। কলেজটির সামগ্রিক এস্টেটের উন্নতিসাধনের নীতির অঙ্গ হিসাবে, এই নতুন সেন্টারটি গ্রামীণ অ্যাবারডিনশায়ার-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ বৃদ্ধি করতে কলেজটিতে সমর্থ করে তুলবে। স্থানীয় অঞ্চলের চাহিদা সংক্রান্ত গবেষণার ভিত্তিতে, নতুন সেন্টারটির প্রদান করা পাঠক্রমগুলি হল: আইটি (IT); কমিউনিটি স্পোর্টস লীডার অ্যাওয়ার্ডস; পিডিএ (PDA) লার্নিং অ্যাসিস্ট্যান্টস অ্যাওয়ার্ড, এবং ইন্ট্রোডাকশন টু ইয়ুথ ওয়ার্ক। এছাড়াও, স্কুলের ছাত্রছাত্রীদের জন্য কেয়ার-এর উপর স্কিলস ফর ওয়ার্ক পাঠক্রম প্রদান করা হবে। শহরটির দক্ষিণে একই ধরণের বন্দোবস্ত গড়ে তোলার জন্য আলোচনা চলছে।

নতুন নির্মানকার্যটি বর্তমান অ্যালটেন্স সেন্টার-এর পাশে গড়ে তোলা হবে, এবং কাঠ, বৈদ্যুতিক ও নল সংক্রান্ত পাঠক্রমের জন্য এটিতে কর্মশালা ও ক্লাসরুম, একই সঙ্গে একটি নতুন লাইব্রেরী, লার্নিং রিসোর্স সেন্টার, ফিটনেস স্যুইট, এবং খাওয়ার স্থান থাকবে। এটি শিক্ষার্থীদের জন্য আগস্ট 2010-এ খোলার পর বর্তমানে কলেজের গ্যালোগেট (Galloegate) সেন্টার-এ প্রদান করা নির্মান সংক্রান্ত পাঠক্রমটি নতুন অ্যালটেন্স-এ সরিয়ে আনা হবে।

গাইডেন্স সার্ভিস-এর ম্যাট্রিক্স স্টান্ডার্ড স্বীকৃতি

অ্যাবারডিন কলেজের গ্রাহকদের কার্যকরীভাবে সহায়ক পরিষেবা প্রদান করার জন্য জুন 2009-এ গাইডেন্স টিম (পথনির্দেশক দল) সম্মানজনক ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড স্বীকৃতি পেয়েছিল। ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড হল সেই সকল প্রতিষ্ঠানকে দেওয়া একটি জাতীয় গুণগত দন্ডমান যারা শিক্ষা এবং কাজের উপর তথ্য, পরামর্শ এবং পথনির্দেশ প্রদান করে। কাগজ-ভিত্তিক প্রমাণের উপর জোর না দিয়ে কোনো একটি প্রতিষ্ঠানে দন্ডমানের আটটি নীতি প্রয়োগ করা হচ্ছে কিনা সে ব্যাপারে ম্যাট্রিক্স-এর মূল্যায়নকারীরা যা দেখেন, শোনেন এবং অভিজ্ঞতা লাভ করেন, সেই তথ্য ব্যবহার করেন। প্রতিষ্ঠানের প্রক্রিয়া, নীতি এবং পদ্ধতিসমূহের বাস্তব ফলাফল লক্ষ্য করে প্রকৃতপক্ষে কী ঘটে তার উপর তারা জোর দেন। প্রতিটি বিষয় 100% মেনে চলা হলে শুধুমাত্র সেক্ষেত্রেই স্বীকৃতি দেওয়া হয়।

সম্ভাব্য শিক্ষার্থীদের কাছে ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড স্বীকৃতির অর্থ হল এই যে ব্যক্তিদের যথাযথ ভর্তি-পূর্ব পথনির্দেশের জন্য সবচেয়ে যথাযথ কর্মচারীর কাছে যাতে প্রেরণ করা হয় তা সুনিশ্চিত করতে পরিষেবাটির জন্য প্রচার এবং বিপণনের বস্তুসমূহ পুনরীক্ষণ এবং সংশোধন করা হয়েছে।

সম্ভাব্য শিক্ষার্থীদের কাছে ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড স্বীকৃতির অর্থ হল এই যে যখন তাদের সবচেয়ে বেশি দরকার হবে তখন যেন তারা হয় সরাসরি যোগাযোগ, ই-মেল, ওয়েব, টেলিফোন, স্টুডেন্টনেট নতুবা ভারচুয়াল লার্নিং এনভায়রনমেন্ট (VLE)-এর মাধ্যমে তথ্য, পরামর্শ এবং পথনির্দেশ পায়।

আমাদের সহযোগীদের কাছে ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড স্বীকৃতির অর্থ হল এই যে তারা একটি প্রথম শ্রেণীর তথ্য, পরিষেবা এবং পথনির্দেশক পরিষেবা পরিচালনা করছেন সে বিষয়ে তারা অবগত আছেন, যেটি গ্রাহকদের চাহিদা পূরণের জন্য দ্রুত উদ্ভূত হচ্ছে এবং উদ্ভাবনমূলক পরিচালনার নীতিগুলিকে সাদরে গ্রহণ করছে। যে সকল সেরা প্রতিষ্ঠানগুলি সাফল্যের সঙ্গে স্বীকৃতি পেয়েছে সেগুলির সঙ্গে সু অভ্যাস বিনিময় করা হবে।

গাইডেন্স টিমটির (পথনির্দেশক দল) কাছে ম্যাট্রিক্স স্ট্যান্ডার্ড স্বীকৃতির অর্থ হল এই যে এমন একটি অগ্রণী চিন্তার, সহজবশ্য পরিষেবা প্রদান করা হয়েছে, যেটির অ্যাবারডিন কলেজের সকল গ্রাহকদের তথ্য, পরামর্শ ও পথনির্দেশ কার্যকরীভাবে প্রদান করার ক্ষেত্রে একটি নমুনা হিসাবে এটির অভ্যাস গড়ে তোলার আস্থা এবং স্বীকৃতি আছে।

বর্তমানে সমগ্র স্কটল্যান্ড-এ শুধুমাত্র নয়টি শিক্ষামূলক প্রতিষ্ঠান আছে যেগুলি জাতীয় স্ট্যান্ডার্ড-এর সাপেক্ষে সফলতার সঙ্গে স্বীকৃতি পেয়েছে - আটটি বিশ্ববিদ্যালয় এবং অ্যাবারডিন কলেজ।

বিজনেস কনটিনিউটি স্ট্র্যাটেজি বা ব্যাবসা চালু রাখার নীতি

কলেজটির স্বাভাবিক ক্রিয়াকলাপ ব্যাহত করতে পারে এমন যে কোনো পরিস্থিতির মোকাবিলা করার জন্য এটি যে ভালভাবে প্রস্তুত তা সুনিশ্চিত করতে একটি বিজনেস কনটিনিউটি স্ট্র্যাটেজি বা ব্যবসা চালু রাখার নীতি গড়ে তুলেছে। নীতিটির প্রধান বিষয়গুলি হল:

- প্রতিটি কলেজের স্থানে একটি বিস্তারিত বিজনেস কনটিনিউটি প্ল্যান বা ব্যবসা চালু রাখার পরিকল্পনা আছে তা সুনিশ্চিত করা
- বিকল্প বাসস্থানের উপলভ্যতা নিয়ে অনুসন্ধান করা এবং এটিকে স্বল্প বা মধ্যম-মেয়াদী আকস্মিক ঘটনায় ব্যবহার করার জন্য সম্মতি পাওয়া
- প্রতিরোধমূলক এবং প্রতিকারযোগ্য রক্ষণাবেক্ষণের কার্যক্রমগুলির মাধ্যমে যে কোনো ঘটনার সম্ভাবনা ন্যূনতম করা।

কোর্স ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজি বা পাঠক্রম গড়ে তোলার নীতি

গ্রাহক দলের সনাক্ত করা চাহিদাগুলি পূরণ করার জন্য একাধিক সারির উপায় গড়ে তোলার ব্যাপারে কলেজটি প্রতিশ্রুতিবদ্ধ। এটি সুনিশ্চিত করার জন্য কলেজটি:

- সুশৃঙ্খল চাহিদা সংক্রান্ত গবেষণার উপরে ভিত্তি করে নতুন পাঠক্রম গড়ে তুলবে
- গ্রাহকদের চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় আরো এক সারির পাঠক্রম গড়ে তুলবে এবং যেটির টিকে থাকার স্পষ্ট সম্ভাবনা আছে
- এখানে যথাযথ প্রবেশিক স্তরের পাঠক্রম আছে এবং সকল বৃত্তিমূলক ক্ষেত্রে যথাযথ অগ্রগতির উপায় আছে তা সুনিশ্চিত করবে
- কম্পিউটার-ভিত্তিক পদক্ষেপ সহ, পাঠক্রম প্রদানের জন্য আরো এক সারির পদ্ধতিসমূহ গড়ে তুলবে
- যেখানে সম্ভব এবং প্রাসঙ্গিক সেখানে নতুন প্রযুক্তি, সমান সুযোগ সংক্রান্ত বিষয়সমূহ এবং পরিবেশগত বিষয়সমূহের মিলন ঘটাবে
- কার্যক্রম এবং গ্রাহকের চাহিদার সঙ্গে যথাযথ হয় এমন ধরণের সার্টিফিকেশন নির্বাচন করবে।

কোর স্কিল স্ট্র্যাটেজি বা মূল দক্ষতা সংক্রান্ত নীতি

সাক্ষরতা এবং বিজ্ঞান সংক্রান্ত জ্ঞানের মূল দক্ষতাগুলির উন্নতি ঘটানোয় সরকারী উদ্যোগের অংশ হিসাবে, কলেজটি সহযোগী প্রতিষ্ঠানগুলির সঙ্গে নিম্নলিখিত কারণে কাজ করবে:

- নতুন অঞ্চলে এবং নতুন গ্রাহকদের জন্য বিদ্যমান মূল দক্ষতাগুলির প্রাপ্তি সম্প্রসারণ করা
- কম্পিউটার-ভিত্তিক শিক্ষার কার্যক্রমগুলি সহ, মূল দক্ষতাগুলি গড়ে তোলার জন্য নতুন কার্যক্রম গড়ে তোলা
- স্বতন্ত্র শিক্ষার্থীদের মূল দক্ষতার শুরুর পর্যায়টি নির্ণয় করতে এবং তাদের শিক্ষায় সহায়তা করার জন্য যথাযথ শিক্ষার পদক্ষেপগুলির সনাক্তকরণ করতে কলেজের কর্মীদের প্রশিক্ষণ দেওয়া।

এস্টেট ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজি বা এস্টেটের উন্নতিসাধনের নীতি

পরিচালকদের বোর্ড একটি এস্টেট ডেভেলপমেন্ট স্ট্র্যাটেজি বা এস্টেটের উন্নতিসাধনের নীতি গ্রহণ করেছে যা কলেজটির ভবিষ্যত উন্নতিসাধনের অগ্রগতির জন্য বাস্তব সংস্থানগুলির সনাক্তকরণ করে। নীতিটির অগ্রগতির জন্য কলেজটি স্কটিশ ফান্ডিং কাউন্সিল-এর সঙ্গে কাজ করবে এবং কলেজটির এস্টেটগুলির উন্নতিসাধনের জন্য একটি কার্যক্রম গড়ে তুলবে।

ইনফরমেশন অ্যান্ড লার্নিং টেকনোলজিস (ILT) স্ট্র্যাটেজি বা তথ্য এবং শিক্ষার প্রযুক্তি সংক্রান্ত নীতি

শিক্ষা প্রদানে ইলেক্ট্রনিক মাধ্যমের ব্যবহারের ব্যাপারে কলেজটির প্রতিশ্রুতিবদ্ধতা এটির ই-লার্নিং প্ল্যাটফর্ম যা কলেজটির সঙ্গে শিক্ষা গ্রহণ করতে সমর্থ করে, এবং কলেজের ব্যবস্থার মূলস্রোতের সঙ্গে ইলেক্ট্রনিক মাধ্যমের মিলন, উভয়কেই পরিবেষ্টন করে। কলেজটির ILT নীতি এমন একটি পরিকাঠামো তৈরী করে যার অভ্যন্তরে ইলেকট্রনিক মাধ্যমগুলি অন্যান্য শিক্ষার্থীদের দলগুলির শিক্ষার জন্য একটি কার্যকরী উপাদান প্রদান করতে ব্যবহৃত হয়।

ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT) স্ট্র্যাটেজি বা তথ্য এবং সংযোগ প্রযুক্তি সংক্রান্ত নীতি

অ্যাবারডিন কলেজ এটির পাঠক্রমগুলি এবং এটির পরিচালনা ও প্রশাসনিক প্রক্রিয়াগুলি, উভয়ের সঙ্গেই ICT-এর মিলন ঘটাতে প্রতিশ্রুতিবদ্ধ। নীতিটির গুরুত্বপূর্ণ বিষয়গুলি হল:

- শিক্ষার্থী এবং কর্মীদের দ্বারা উপলব্ধ ICT উপকরণগুলির ব্যবহারের পরিমাণ বৃদ্ধি করা
- প্রযুক্তিগত উন্নয়নের সাথে সাথে ICT উপকরণগুলির ক্রমাগত উন্নতিবিধান সুনিশ্চিত করা
- বিস্তারিত সারির ICT পাঠক্রম প্রদান করা, এবং প্রচলন সুনিশ্চিত করার জন্য সেগুলিকে ক্রমাগত পুনরীক্ষণ করা সনাক্ত করা
- চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে ইন্ট্রানেট এবং ইনটারনেট পরিষেবাগুলি গড়ে তোলা।

ডিজিট্যাল ইনক্লুসিভনেস স্ট্র্যাটেজি বা ডিজিট্যাল অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত নীতি

জাতীয় নীতিটি হল, যত দূর সম্ভব বিস্তারিত ক্ষেত্রের জনসংখ্যার জন্য ডিজিট্যাল-ভিত্তিক পরিষেবা ও সুবিধাগুলি এবং অনলাইন তথ্য ও পরিষেবাগুলির প্রদান করা। এই নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে, কলেজটি:

- শিক্ষার্থীদের জন্য উপলব্ধ হার্ডওয়্যার ও সফটওয়্যারগুলি যে বর্তমান প্রজন্মের তা সুনিশ্চিত করবে
- একাধিক সারির ICT-সম্পর্কিত প্রশিক্ষণ পাঠক্রমগুলি, নেটওয়ার্ক সংক্রান্ত জ্ঞান বৃদ্ধির জন্য প্রস্তুত করবে পাঠক্রমগুলি এবং ইন্টারনেট ও এটি প্রদানকারী পরিষেবাগুলি সংক্রান্ত একটি বোধ বজায় রাখবে
- প্রযুক্তির উন্নতিবিধান এবং কমিউনিটির স্থানগুলিতে প্রশিক্ষণ দেওয়ায় স্থানীয় কাউন্সিলের সঙ্গে সহযোগিতা করবে
- যেখানে যথাযথ, সেখানে কলেজ কর্মসূচীগুলির বৈশিষ্ট্য হিসাবে তথ্যপ্রযুক্তি (IT) সাক্ষরতার বিকাশ করবে
- কমিউনিটির সদস্যদের ইন্টারনেট-এর ব্যবহার বৃদ্ধি করার জন্য সুযোগ প্রদান করবে।

লার্নিং অ্যান্ড টিচিং স্ট্র্যাটেজি বা শেখার ও শিক্ষা দেওয়ার নীতি

কলেজটি শিক্ষার্থীদের চাহিদার এবং উচ্চাকাঙ্খার সঙ্গে উপযুক্ত উচ্চমানের শিক্ষার অভিজ্ঞতা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। যেভাবে কার্যক্রমগুলি প্রদান করা হয় তার সাপেক্ষে কলেজটির মূল প্রতিশ্রুতি এবং প্রত্যাশাগুলিকে নীতিটি চিত্রিত করে।

নীতিটির প্রধান উপাদানগুলি হল:

- উচ্চ মানের বন্দোবস্তের একটি সঙ্গতিপূর্ণ পোর্টফোলিও বজায় রাখার ক্ষেত্রে পাঠক্রমের উন্নতিবিধান এবং পুনরীক্ষণ প্রক্রিয়াটি যে কার্যকরী তা সুনিশ্চিত করা
- ব্যক্তি বিশেষ এবং দলের চাহিদাগুলি পূরণ করার জন্য যথাযথ পদ্ধতিসমূহ যে গ্রহণ করা হয়েছে তা সুনিশ্চিত করা
- সকল প্রকার বন্দোবস্তের জন্য উপযুক্ত শিক্ষার সামগ্রী এবং সংস্থান প্রদান করা
- কার্যকরী শিক্ষার সমর্থনে প্রাসঙ্গিক প্রযুক্তিসমূহ ব্যবহার করা
- উচ্চ মানের শিক্ষা প্রদান এবং শিক্ষার্থীদের সহায়তা করার জন্য কর্মীদের যে প্রাসঙ্গিক পদ্ধতিসমূহ এবং দক্ষতার প্রশিক্ষণ ও সমর্থন দেওয়া হয়েছে তা সুনিশ্চিত করা।

পাঠক্রমে সুঅভ্যাস বপন করা

কলেজটি সকল শিক্ষার্থীদের জন্য শেখার এবং শিক্ষা দেওয়ার সুযোগের উচ্চ দন্ডমান প্রদান করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। এটি করা হলে, সকল শিক্ষক কর্মীরা যে পাঠক্রমে ভাল এবং উদ্ভাবনী অভ্যাস প্রদর্শন করবেন তা প্রত্যাশা করা হয়।

নীতিটির প্রধান উপাদানগুলি হল:

- সকল কর্মীরা যাতে সুঅভ্যাস অনুধাবন করতে পারেন এবং এটিকে সমগ্র পাঠক্রম জুড়ে এবং সকলপ্রকার উপস্থিতির মাধ্যমে প্রয়োগ করতে পারেন তা সুনিশ্চিত করা।
- কর্মীরা যাতে সহকর্মীদের সঙ্গে সুঅভ্যাস বিনিময়ের উপযোগিতা বুঝতে পারেন তা সুনিশ্চিত করা।
- সুঅভ্যাস সনাক্ত করা এবং বপন করায় কর্মীদের সহায়তা করা।
- সকল কর্মীদের জন্য সুঅভ্যাস বপনের অনুষ্ঠানগুলি সহজসাধ্য করে তোলা।
- সুঅভ্যাস বপনের উপযোগিতাগুলি শিক্ষার্থীর অভিজ্ঞতার ক্ষেত্রে কতটা ইতিবাচক প্রভাব ফেলে তা পরিমাপ করা।
- ক্লাসরুমে পর্যবেক্ষণের দায়িত্ব নেওয়া যাতে প্রতিটি দলের মধ্যে সুঅভ্যাস রূপায়িত হয়েছে এবং দলের অভ্যন্তরে ব্যাক্তিবিশেষের চাহিদার সঙ্গে সঙ্গতিপূর্ণ হয়েছে তা সুনিশ্চিত করা যায়।
- প্রতিটি স্বতন্ত্র কর্মী সদস্য যেন তাদের শিক্ষার্থীদের শেখার এবং শিক্ষা দেওয়ার অভিজ্ঞতার ক্ষেত্রে সুঅভ্যাস স্থাপন করার দায়িত্ব নেন তা সুনিশ্চিত করা ।
- সমগ্র পাঠক্রম জুড়ে ভাল এবং উদ্ভাবনী অভ্যাস বপন করার জন্য প্রযুক্তি যেন সম্পূর্ণরূপে ব্যবহৃত হয় তা সুনিশ্চিত করা।

লার্নিং রিসোর্সেস স্ট্র্যাটেজি বা শেখার সংস্থান সংক্রান্ত নীতি

কলেজটি শিক্ষার্থীদের শেখার সহায়তা করার জন্য কাগজ-ভিত্তিক সামগ্রী এবং ইলেকট্রনিক মাধ্যমে সহ, একাধিক সারির শেখার সংস্থান ব্যবহার করে। কিছু ক্ষেত্রে, এগুলি কেন্দ্রীয়ভাবে, উদাহরণস্বরূপ, কলেজের লাইব্রেরীতে, এবং অন্যান্য ক্ষেত্রে কলেজ সেক্টরের দ্বারা পরিচালনা করা হয়। এই নীতিটির উদ্দেশ্য হল এই সকল সংস্থানগুলি গড়ে তোলায় এবং বন্টনে এমন একটি সঙ্গতিপূর্ণ ও স্থায়ী পদক্ষেপ প্রদান করা যা একাধিক সারির শিক্ষার্থীদের দলগুলির চাহিদা সবচেয়ে কার্যকরীভাবে পূরণ করতে পারে।

অ্যাসেসমেন্ট স্ট্র্যাটেজি বা মূল্যায়ন সংক্রান্ত নীতি

কলেজটি উপলব্ধি করে যে কার্যকরী শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ হল মূল্যায়ন যা শিক্ষার্থীর শুরুর মুহূর্তটি সনাক্ত করে, অগ্রগতি পর্যবেক্ষণ করে, আরো উন্নতির ক্ষেত্রগুলি সনাক্ত করে, লব্ধ দক্ষতা এবং জ্ঞান নথিভুক্ত করে, এবং বিস্তৃততর বর্গীয় দক্ষতাসমূহ অর্জনের দিকে 'এগিয়ে যাওয়ার দূরত্ব' পরিমাপ করে।

কলেজের মূল্যায়ন যাতে একটি সুবিন্যস্ত পদ্ধতিতে, বর্হিভূত এবং অভ্যন্তরীণ প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্য রেখে করা হয় এবং অতিরিক্ত চাহিদা আছে এমন ব্যক্তিদের জন্য সঙ্গত পরিবর্তন সাধন করার সাথে সাথে, এটি যেন উদ্দেশ্যমূলক ও স্থায়ী হয় তা সুনিশ্চিত করার জন্য কলেজটির নীতিটি প্রস্তুত করা হয়েছে।

নীতিটি অনলাইন মূল্যায়নের পদ্ধতিসমূহ ব্যবহার করায় একটি সামগ্রিক পদক্ষেপের ব্যাপারে কলেজের প্রতিশ্রুতিবদ্ধতাও প্রদর্শন করে, কলেজের কাজে যেটির গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে।

রিটেনশান অ্যান্ড অ্যাচিভমেন্ট স্ট্র্যাটেজি বা ধারণ-ক্ষমতা এবং সাফল্য সংক্রান্ত নীতি

যে সকল পদ্ধতিগুলি প্রাপ্তি এবং সহজবশ্যতার পৃষ্ঠপোষকতা করে এবং উচ্চ মাত্রার ধারণ-ক্ষমতা ও সাফল্যের দিকে অগ্রসর করে সেগুলি ব্যবহার করার মাধ্যমে কলেজটি স্টেকহোল্ডারদের (শিক্ষার্থী, স্থানীয় কমিউনিটি এবং নিয়োগকারীগণ) চাহিদা পূরণ করে এমন কার্যক্রমসমূহ গড়ে তোলা, প্রস্তাব দেওয়া এবং প্রদান করার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। নীতিটির প্রধান উপাদানসমূহের লক্ষ্য হল নিম্নলিখিতগুলির সঙ্গে সম্পর্কযুক্ত এমনকি আরো কার্যকরী ব্যবস্থাপনার প্রতিষ্ঠা করা এবং রূপায়ন করা:

- কার্যক্রম প্রস্তুত, পরিকল্পনা এবং প্রচার
- শেখার এবং শিক্ষা দেওয়ার পদ্ধতি, বিষয় এবং পরিকল্পনা
- শিক্ষার্থীদের জন্য নির্দেশ, সহায়তা এবং লক্ষ্য নির্ধারণ
- উপস্থিতি পরিচালনা
- শেখার এবং শিক্ষা দেওয়ার পদ্ধতিটিতে সহায়তা করার জন্য কর্মী উন্নয়নমূলক কার্যক্রম
- পর্যবেক্ষণ এবং পুনরীক্ষণ।

লার্নার এনগেজমেন্ট স্ট্র্যাটেজি বা শিক্ষার্থীদের অংশগ্রহণ সংক্রান্ত নীতি

অ্যাবারডিন কলেজের সংস্কৃতি, অভ্যাস, প্রক্রিয়া এবং পদ্ধতিসমূহে শিক্ষার্থীদের অংশগ্রহণ দৃঢ়ভাবে নিহিত আছে। নীতিটি শিক্ষার্থীদের জন্য উপলব্ধ একাধিক সারির অংশগ্রহণের সুযোগ সনাক্ত করে এবং সম্ভাব্য শিক্ষার্থীরা তাদের কলেজের সামগ্রিক অভিজ্ঞতার উপর প্রভাব ফেলতে, অনুপ্রাণিত করতে এবং সমৃদ্ধ করে তুলতে পারে, এবং এটি কলেজের প্রতিশ্রুতিবদ্ধতাকে এইভাবে বর্ণনা করে:

- অংশগ্রহণের ক্ষেত্রে শিক্ষার্থীদের জন্য বিদ্যমান সুযোগ উপলব্ধি করা
- শিক্ষার্থীদের অংশগ্রহণে অ্যাবারডিন কলেজ স্টুডেন্টস অ্যাসোসিয়েশন-এর ভূমিকা উপলব্ধি করা
- শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য সম্ভাব্য ভবিষ্যত সুযোগগুলি সনাক্ত করা
- শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য একাধিক সারির সুযোগের সম্মিলিত প্রভাব কীভাবে পরিমাপ করা যেতে পারে তা প্রদর্শন করা।

ইনক্লুসিভনেস স্ট্র্যাটেজি বা অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত নীতি

কলেজটি যে শিক্ষা এবং প্রশিক্ষণ পরিষেবাগুলি প্রদান করে সেগুলির নিয়োগ এবং প্রাপ্তিতে সমান সুযোগ এবং অন্তর্ভুক্তিকরণ প্রচারের ব্যাপারে এটি প্রতিশ্রুতিবদ্ধ। ডিসেবিলিটি ডিসক্রিমিনেশন অ্যাক্ট 1995 এবং স্পেশাল এডুকেশানাল নীডস অ্যান্ড ডিসেবিলিটি অ্যাক্ট 2001 এবং রেস রিলেশানস অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট মেনে চলার সাথে সাথে অক্ষমতা আছে এমন ব্যক্তিদের নিয়োগকারী ও পরিষেবা প্রদানকারী হিসাবে কলেজটি এটির প্রতিশ্রুতিবদ্ধতা কীভাবে পূরণ করবে তা অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত নীতিটি স্থির করে। নীতিটি নিম্নলিখিতগুলিকে উদ্দেশ করে:

- শিক্ষার্থীদের দেওয়া পরিষেবা
- বাস্তব পরিবেশের উন্নতিকরণ
- কর্মীদের নিয়োগ করা।

সফ্‌ট স্কিল্‌স সংক্রান্ত নীতি

কলেজ এটা স্বীকার করে যে, বৃত্তিমূলক ও অধ্যয়নগত ক্ষেত্রগুলির জন্য সুনির্দিষ্ট দক্ষতাগুলির পাশাপাশি এমন কিছু দক্ষতা, মনোভাব ও অনুধাবনের প্রকার আছে যেগুলি সাধারণ, হস্তান্তরযোগ্য এবং জীবনের সকল দিকের সাথে প্রাসঙ্গিক।

এই দক্ষতাগুলিকে সফ্‌ট স্কিল্‌স বলে উল্লেখ করা হয় এবং কলেজ চারটি শ্রেণী রূপে এর সংজ্ঞা নিরূপণ করেছে:

- নাগরিকত্ব দক্ষতা
- পরিবেশগত অস্তিত্ব বজায় রাখার দক্ষতা
- নিয়োগযোগ্যতার দক্ষতা
- অধ্যয়নের দক্ষতা।

কলেজের দৈনন্দিন জীবনে স্থাপিত শিক্ষামূলক অভিজ্ঞতা, পাঠ্যক্রমের পৃথক ক্ষেত্রগুলি, বিভিন্ন পাঠ্যক্রমের মধ্যে মিলনের অভিজ্ঞতা এবং স্থানীয়, রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক অংশীদারদের সাথে সম্পর্কযুক্ত ক্রিয়াকলাপের সংমিশ্রণের মাধ্যমে কলেজ ছাত্রদের সফ্‌ট স্কিল্‌স এর বিকাশ ঘটাবে।

এনভায়রনমেন্টাল সাসটেনাবিলিটি স্ট্র্যাটেজি বা পরিবেশগত অস্তিত্ব বজায় রাখা সংক্রান্ত নীতি

কলেজ পরিবেশগত অস্তিত্ব বজায় রাখার প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, যেখানে বর্তমানের চাহিদাগুলি ভবিষ্যত প্রজন্মের নিজস্ব চাহিদাগুলি পূরণের সামর্থ্যের সাথে আপস করে না এবং অস্তিত্ব রক্ষা ও দায়িত্বশীল বিশ্বজনীন নাগরিকত্বের দ্বৈত আত্মিক বৈশিষ্ট্যের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। পরিবেশগত অস্তিত্ব বজায় রাখার প্রসার ও বিকাশের জন্য কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- জ্ঞান, মনোভাব ও দক্ষতার প্রসার ঘটানোর জন্য পাঠক্রম ও CPD উভয়কে ব্যবহার করবে, যেগুলি প্রত্যেক ব্যক্তিকে পরিবেশের উপরে তাদের ক্রিয়ার প্রভাব সম্পর্কিত ওয়াকিবহাল সিদ্ধান্ত নিতে সমর্থ করবে
- এমনভাবে কাজ করবে যা যেখানে সম্ভব সেখানে হ্রাস, পুনর্ব্যবহার ও রিসাইক্‌ল করার মাধ্যমে এবং বাতিল করার নিরাপদ ও নৈতিক পদ্ধতিগুলি রূপায়ণের মাধ্যমে অস্তিত্ব রক্ষার উপযুক্ত বিশ্ব পরিবেশের প্রসার ঘটাবে
- সমাজকে ইতিবাচকভাবে প্রভাবিত করার জন্য সুঅভ্যাস তৈরি করবে ও আদানপ্রদান করবে, সৃজনশীলতা ও বিবিধতার সাথে যুক্ত হতে চাইবে এবং সকলের জন্য সুযোগের প্রসার ঘটাবে
- যেখানে সম্ভব ও যুক্তিসঙ্গত, সেখানে কলেজের স্থানগুলির কার্বন পদচিহ্ন পরিমাপ করবে এবং কার্বন অফসেটিং ছাড়াও CO_2 নিঃসরণের মাত্রা হ্রাস করবে।

হিউম্যান রিসোর্সেস স্ট্র্যাটেজি বা মানব সম্পদ সংক্রান্ত নীতি

কলেজ যাতে ছাত্রদের জন্য একটি ইতিবাচক শিক্ষামূলক অভিজ্ঞতা প্রদান করে সেটা সুনিশ্চিত করার জন্য এবং একই সাথে কর্মী সম্পদের কার্যকরী ও ফলদায়ী ব্যবহারের জন্য কলেজের মানব সম্পদ কৌশলের পরিকল্পনা করা হয়েছে। এই কৌশলের অঙ্গ হিসাবে কলেজ নিম্নলিখিতগুলি করবে:

- একটি যথাযথ কর্মী প্রোফাইল অর্জনের উপরে মনোনিবেশ করবে
- সুনিশ্চিত করবে যেন কর্মীদের উপযুক্ত পর্যায়ের অধ্যয়নগত ও পেশাদারী যোগ্যতা থাকে এবং তাদের দক্ষতা ও যোগ্যতাগুলিকে নিয়মিতরূপে নবীকরণ করা হয়
- সমস্ত কর্মচারী দ্বারা গৃহীত ধারাবাহিক পেশাদারী বিকাশের পর্যবেক্ষণ করবে
- স্বাস্থ্যের প্রসারমূলক বিভিন্ন ক্রিয়াকলাপ রূপায়ণের জন্য কলেজের পেশাগত স্বাস্থ্য প্রদানকারীদের সাথে মিলিতভাবে কাজ ক'রে কলেজের কর্মীদলের স্বাস্থ্য ও সুস্থতার উন্নতিসাধন করবে
- প্রধানত লিঙ্গ, জাতি ও অক্ষমতা সংক্রান্ত বৈষম্য বিষয়ে সমান সুযোগ প্রশিক্ষণের একটি ব্যাপক কর্মসূচী প্রদান করবে এবং গুণমান সমীক্ষার মাধ্যমে অভ্যাসের পর্যবেক্ষণ করবে
- কলেজটি যেন তার বিধিবদ্ধ দায়িত্বগুলিকে পূরণ করতে পারে সেটা সুনিশ্চিত করার উদ্দেশ্যে সমস্ত কর্মচারীকে শিশু সুরক্ষা সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ দেবে ও বিকশিত করবে।

সংক্ষিপ্ত রূপ

CPD কন্টিনিউয়াস প্রফেশনাল ডেভেলপমেন্ট (ধারাবাহিক পেশাদারী উন্নয়ন)

HEI হায়ার এডুকেশন ইনস্টিটিউশন (উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান)

HMIe হার ম্যাজেস্টি'স ইন্সপেক্টরেট অফ এডুকেশন

OPITO অফশোর পেট্রোলিয়াম ইন্ডাস্ট্রি ট্রেনিং অর্গানাইজেশন

SCQF স্কটিশ ক্রেডিট কোয়ালিফিকেশন্স ফ্রেমওয়ার্ক

SFEU স্কটিশ ফার্দার এডুকেশন ইউনিট

SNIPEF স্কটিশ অ্যান্ড নর্দার্ন আয়ারল্যান্ড প্লাম্বিং এমপ্লয়ার্স ফেডারেশন

SQA স্কটিশ কোয়ালিফিকেশন্স অথরিটি

TQFE টিচিং কোয়ালিফিকেশন (ফার্দার এডুকেশন)

অ্যাবারডিন কলেজ সমতার প্রসার ও অবৈধ বৈষম্য দূরীকরণের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। কলেজের ওয়েবসাইট থেকে কলেজের সমতা ও বৈচিত্র্য নীতি এবং জাতি, লিঙ্গ ও অক্ষমতা যোজনাগুলির কপি পাওয়া যায়।